

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯২৩

পরিচ্ছেদঃ আবতাহ- এ অবতরণ করা।

باب مَا جَاءَ فِي نُزُولِ الأَبْطَح

আরবী

حَدَّتَنَا إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ، أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ، عَنْ نَافِعٍ، عَن الله عليه وسلم وَأَبُو بَكْرٍ وَعُمَرُ وَعُتْمَانُ يَنْزِلُونَ النَّبِيُّ صلى الله عليه وسلم وَأَبُو بَكْرٍ وَعُمَرُ وَعُتْمَانُ يَنْزِلُونَ الأَبْطَحَ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ وَأَبِي رَافِعٍ وَابْنِ عَبَّاسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عُمَرَ حَدِيثٌ صَحِيحٌ حَسَنٌ غَرِيبٌ إِنَّمَا نَعْرِفُهُ مِنْ حَدِيثِ عَبْدِ الرَّزَّاقِ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ حَدِيثٌ صَحِيحٌ حَسَنٌ غَرِيبٌ إِنَّمَا نَعْرِفُهُ مِنْ حَديثِ عَبْدِ الرَّزَّاقِ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ . وَقَدِ اسْتَحَبَّ بَعْضُ أَهْلِ الْعِلْمِ نُزُولَ الأَبْطَحِ مِنْ غَيْرِ أَنْ يَرَوْا ذَلِكَ وَاجِبًا إِلاَّ مَنْ عُمْرَ . وَقَدِ اسْتَحَبَّ بَعْضُ أَهْلِ الْعِلْمِ نُزُولَ الأَبْطَحِ مِنْ غَيْرِ أَنْ يَرَوْا ذَلِكَ وَاجِبًا إِلاَّ مَنْ أَحَبُّ ذَلِكَ . قَالَ الشَّافِعِيُّ وَنُزُولُ الأَبْطَحِ لَيْسَ مِنَ النَّسُكِ فِي شَيْءٍ إِنَّمَا هُوَ مَنْزِلٌ نَزَلُهُ النَّبِيُّ صلى الله عليه وسلم .

বাংলা

৯২৩. ইসাহাক ইবনু মানসূর (রহঃ) ইবনু উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাল্ আলাইহি ওয়াসাল্লাম এবং আবৃ বকর, উমার উছমান (রাঃ) সকলেই আবতাহে অবতরণ করতেন। - ইবনু মাজাহ ৩০৬৯, মুসলিম, বুখারি সংক্ষেপে, তিরমিজী হাদিস নম্বরঃ ৯২১ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আয়িশা, আবূ রাফি ও ইবনু আব্বাস (রাঃ) থেকে হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, ইবনু উমার (রাঃ) বর্ণিত হাদিসটি হাসান-সহীহ্ গরীব। আবদুর রাযযাক-উবায়দুল্লাহু ইবনু উমার (রাঃ) সূত্রেই কেবল এটি সম্পর্কে আমরা জানতে পারি। কোন কোন আলিম আবতাহে অবতরণ করা মুস্তাহাব বলে অভিম দিয়েছেন। তবে এটি ওয়াজিব নয়। ইমাম শাফিঈ (রহঃ) বলেন, আবতাহে অবহরণ করা হজ্জের কোন অঙ্গ নয়। এটি ছিল রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সফরের একটি মান্যিল, যেখানে তিনি অবতরণ করেছিলেন।

English



Ibn Umar narrated:

"The Prophet, Abu Bakr, Umar, and Uthman would camp at Al-Abtah."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন